(চ) 'সমালোচনার কথা' গ্রন্থের তোমার পঠিত অংশ অবলম্বনে বাংলা ছোটগল্পের পরিচয় দাও এবং এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৪+৬=১০

(ছ) প্রকৃতি অনুসারে নাটক কত প্রকার ও কী কী? কমেডি নাটকের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ৩+৭=১০

(জ) উপন্যাসের কাঠামো অনুসারে এর বিশিষ্ট লক্ষণগুলি আলোচনা করো।

★★★





**2025**

# BENGALI

## ( Honours Core )

Paper : BEN-HC-6016

**( সাহিত্যের সংজ্ঞা ও স্বরূপ )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) হোমারের 'ইলিয়াড' কত সালে রচিত হয়েছিল?

(খ) 'ইনিড' মহাকাব্যটি কার রচনা?

(গ) যে-কোন একটি সারস্বত মহাকাব্যের নাম উল্লেখ করো।

(ঘ) কালিদাস রচিত 'রঘুবংশ'-এর মূল উৎস কোন্ মহাকাব্য?

(ঙ) ব্যালাডকে দীনেশচন্দ্র সেন কী নামে অভিহিত করেছেন?

(চ) 'Ballad' কথাটি কখন থেকে প্রচলিত হয়েছে?



( Turn Over )

(ছ) দীনেশচন্দ্র সেন কার সহায়তায় বাংলার লোককথাগুলি সংগ্রহ করেছিলেন?

(জ) প্রাচীন কালে রোমে অভিনয় প্রাঙ্গণকে কী নামে অভিহিত করা হতো?

(ঝ) 'কাদম্বরী' গ্রন্থখানি কার রচনা?

(ঞ) 'পঞ্চতন্ত্র' গ্রন্থখানি কোন্ শতকে রচিত হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'শাহ্‌নামা' কার লেখা? ইনি কোন্ দেশের কবি ছিলেন?

(খ) কবি পিণ্ডার কোন্ দেশের কবি ছিলেন? তিনি কোন্ ধরনের গীতিকবিতা রচনা করেছিলেন?

(গ) রাজস্থানে প্রচলিত বীরপুরুষদের কাহিনিগুলি কোন্ ভাষায় রচিত? এগুলি প্রধানত কোথায় পরিবেশিত হতো?

(ঘ) জাপানের প্রথম ঔপন্যাসিকের নাম কী? তাঁর রচিত কাহিনিটির নাম লেখো।

(ঙ) সাংকেতিক নাটক রচনা করেছেন এমন দুজন নাট্যকারের নাম লেখো।

৩। নীচের যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মহাকাব্যের উৎপত্তির ইতিহাস সংক্ষেপে লেখো।

(খ) 'Epic of Growth, Authentic Epic' বা প্রকৃত মহাকাব্য বলতে কী বোঝায় তা আলোচনা করো।





(গ) ব্যালাড-এর বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

(ঘ) বাংলা গীতিকবিতা সম্পর্কে যা জান লেখো।

(ঙ) তোমার পঠিত গ্রন্থ অবলম্বনে সংস্কৃত নাটকের কথা সংক্ষেপে আলোচনা করো।

(চ) উপন্যাসের উদ্ভব কীভাবে ঘটেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৪। নীচের যে-কোন চারটি প্রশ্নের উত্তর লেখো : ১০×৪=৪০

(ক) তোমার পঠিত গ্রন্থ অবলম্বনে পাশ্চাত্য মহাকাব্যগুলির কথা আলোচনা করো।

(খ) বিভিন্ন প্রকার মহাকাব্যের উল্লেখ করে মহাকাব্যের উপাদানগুলি নিয়ে একটি আলোচনা প্রস্তুত করো।

(গ) গীতিকাব্য কাকে বলে? গীতিকাব্যের নানা শাখা-প্রশাখার উল্লেখ করে এদের চরিত্র-লক্ষণগুলি ব্যাখ্যা করো। ২+৮=১০

(ঘ) Ballad কথার অর্থ কী? ব্যালাড-এর ক্রমবিকাশের কথা তোমার নিজের ভাষায় লেখো। ২+৮=১০

(ঙ) নাটক বলতে কী বোঝায়? প্রাচীন গ্রিক্ নাটক সম্পর্কে যা জান লেখো। ২+৮=১০